Provider name and address

2010 পূর্ববিদ্যমান পরিষেবা সংক্রান্ত দায়বদ্ধতার বিজ্ঞপ্তি

ব্যক্তিবিশেষ দ্বারা গৃহীত পরিষেবা: ______________________________________তারিখ_____________
পরিষেবার মাশুল(গুলি): $ ________ প্রতি ______

আপনি এই বিজ্ঞপ্তিটি পেয়েছেন কারণ আপনিই উপরোক্ত ব্যক্তি যিনি নিজের জন্য নীচের তালিকা থেকে কোনও একটি পরিষেবা চাইছেন (বা আপনি যদি কোনও ব্যক্তিকে সাহায্য করেন), আপনাকে নিজের টাকা থেকে উপরোক্ত ব্যক্তির প্রাপ্ত পরিষেবার অর্থ পরিশোধ করতে হচ্ছে, বা আপনি উপরোক্ত নামের ব্যক্তির মূলধনের প্রতি দায়বদ্ধ। যদি আপনি উপরোক্ত ব্যক্তি হন, তাহলে যখনই আপনি "ব্যক্তি" বা "আপনি" পড়বেন, তার মানে আপনাকে বোঝাবে।

আমরা নির্দিষ্ট ব্যক্তিকে নীচে তালিকাভুক্ত পরিষেবাগুলি দিয়ে থাকি। এমন কিছু পরিষেবা রয়েছে যা 'নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিজ' তত্ত্বাবধান করে।

- ☐ MSC(মেডিকএড সার্ভিস কো-অর্ডিনেশন)
- ☐ দিবাকালীন চিকিত্সা
- ☐ সামাজিক বাসস্থান
- ☐ ঘরে আবাসিক বাসস্থান
- ☐ প্রাকবৃত্তিমূলক পরিষেবা
- ☐ অবসরকালিন পরিষেবা
- ☐ কর্মসংস্থানের সহায়ক পরিষেবা
- ☐ OPTS প্রোগ্রাম মিশ্রিত পরিষেবা
- ☐ OPTS প্রোগ্রাম সর্বাঙ্গীণ পরিষেবা

15ই জুন 2010 পর্যন্ত, এই পরিষেবাগুলি গ্রহণ করা যে কোনো ব্যক্তিকে অবশ্যই এমন মেডিকএড করিয়ে রাখতে হবে যা পরিষেবাগুলির অর্থ প্রদান করে বা তাঁকে ব্যক্তিগতভাবে টাকা মেটানোর বন্দোবস্ত করতে হবে। বিরল কিছু ক্ষেত্রে মাশুল মকুব বা কমানোর সুবিধা পাওয়া যাবে।

আমাদেরকে তথ্য প্রদান করা

15ই জুন 2010 পর্যন্ত, আপনি অবশ্যই আমাদেরকে আমাদের চাওয়া তথ্যগুলি দিতে বাধ্য। যদি মেডিকএড-এ পরিষেবাগুলি ইতিমধ্যেই অন্তর্ভুক্ত করা না থাকে, তাহলে আমাদেরকে দেখতে হবে যে মেডিকএড না অন্য কোনও মাধ্যমে অর্থ পরিশোধিত হচ্ছে। এমনকি যদি আপনি পরিষেবাগুলির জন্য অর্থ পরিশোধ করতে সম্মতও হন, তাহলেও আমরা তথ্য চাইতে পারি যাতে কাকে এই পরিষেবাগুলির জন্য টাকা দিতে হবে, তিনি সেটি বহন করতে পারবেন কিনা এবং মেডিকএড-এর মাধ্যমে সেটি মেটানো হবে কিনা।
15ই জুন 2010-এর পরে, আমরা যখন পরিষেবা দিচ্ছি, তখন আপনি আমাদেরকে অবশ্যই যা যা বিষয়ে জানাবেন:

- ব্যক্তিটির মেডিকএড অকার্যকর হয়ে যাওয়ার ব্যাপারে কোনও মেডিকএড ডিস্ট্রিক্ট থেকে পাওয়া কোনো বিজ্ঞপ্তি। আপনি বিজ্ঞপ্তিটি পাওয়া বা সেটির ব্যাপারে জানার 5 দিনের মধ্যেই আমাদেরকে বিজ্ঞপ্তিটির সম্পর্কে জানাবেন।
- মেডিকএড-এর অন্তর্ভুক্ত ক্ষেত্রগুলির ধরণে কোনও প্রকারের পরিবর্তন এলে।
- উপার্জন, সঞ্চয় বা অন্য সম্পদ, বসবাসের পরিস্থিতি, অভিবাসন পরিস্থিতি বা অন্য কোনো পরিবর্তন যা মেডিকএড-এর যোগ্যতাকে প্রভাবিত করে।
- যদি আপনি মনে করেন যে আপনি আর পরিষেবাগুলির জন্য অর্থ প্রদান করতে পারছেন না, বা যদি আপনি মনে করেন যে অন্য কাউকে অর্থ প্রদান করতে হবে, বা যদি আপনি বা অন্য কেউ আর টাকা দিতে না পারে।
-

আমরা অবশ্যই প্রাপ্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করবো। শুধুমাত্র আমাদের হয়ে কাজ করা নির্দিষ্ট কিছু ব্যক্তিই এই তথ্যটি জিজ্ঞাসা করতে ও দেখতে পাবেন। আমরা এই তথ্যটি শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেটকে এবং মেডিকএড, মেডিকেয়ার, সামাজিক সুরক্ষা ও ফুড স্ট্যাম্প-এর মত সুবিধাগুলির জন্য আবেদন করা অন্যদেরকেই এই তথ্য দিতে পারি।

পরিষেবাগুলির জন্য অর্থ পরিশোধ

যদি সেই ব্যক্তির ইতিমধ্যেই সঠিক প্রকারের মেডিকএড থাকে, তাহলে আপনি অবশ্যই তাঁর মেডিকএড ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি (বা অন্য কোনওকিছু যা প্রমাণ করে যে তাঁর মে মেডিকএড আছে) আমাদেরকে দেবেন এবং আপনি তাঁর মেডিকএডটি ভবিষ্যতেও রাখবেন।

যদি অন্য ব্যক্তির সঠিক ধরনের মেডিকএড না থাকে:

যদি কেউ আমাদেরকে পরিষেবাগুলির জন্য অর্থ পরিশোধ না করেন এবং আমরা মাশুল মকুব না করি তাহলে আপনাকে মেডিকএড-এর জন্য আবেদন করতে হবে। যদি আপনাকে মেডিকএড-এর জন্য আবেদন করতে হয়, তাহলে আপনি আইনসম্মতভাবে সবকিছু করবেন যা ব্যক্তিটিকে সঠির প্রকারের মেডিকএড-এর জন্য উপযুক্ত করে তুলবে এবং সেই ব্যক্তির জন্য এই সঠিক প্রকারের মেডিকএডটি রেখে দিতে সাহায্য করবে। আপনি আমাদেরকে তথ্য দিতেও পারেন এবং আমাদেরকে আবেদন করতে দেওয়ায় বা আপনাকে আবেদন করার ক্ষেত্রে আমাদেরকে সাহায্য প্রদান করবার বিষয়ে অনুমতি দিতে পারেন।

অথবা

যদি কেউ আমাদেরকে পরিষেবাগুলির জন্য অর্থ পরিশোধ না করেন এবং আমরা মাশুল মকুব না করি তাহলে আপনাকে পরিষেবাগুলির জন্য অর্থ পরিশোধ করতে হবে। যদি আপনি কোনও ব্যক্তির টাকার জন্য দায়বদ্ধ থাকেন, তাহলে আপনাকে শুধু সেই ব্যক্তির টাকা দিয়ে পরিষেবাগুলির অর্থ পরিশোধ করতে হবে, আপনার নিজের টাকা দিয়ে নয়।

সঠিক প্রকারের মেডিকএড এমন হবে যা নির্দিষ্ট ব্যক্তির গ্রহণ করা আমাদের প্রদত্ত পরিষেবাগুলির জন্য অর্থ প্রদান করবে।

আপনি অবশ্যই হোম অ্যান্ড কম্যুনিটি বেসড সার্ভিসেস (HCBS) ওয়েভার-এ নির্দিষ্ট ব্যক্তিটিকে নথিভুক্ত রাখার জন্য যা যা করণীয় তাই করবেন, যদি না সেই ব্যক্তি আর HCBS ওয়েভার পরিষেবা না চান বা না পান। যে পরিষেবাগুলি HCBS ওয়েভার পরিষেবা নয় সেগুলি হল ICF/DD পরিষেবা, দিবাকালীন চিকিত্সা এবং মেডিকএড সার্ভিস কোঅর্ডিনেশন।

পরিষেবাগুলির জন্য আমরা যে সম্পুর্ন মাশুল গ্রহণ করব সেটি এই বিজ্ঞপ্তির সামনে দেওয়া আছে বা এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত একটি পৃষ্ঠায় দেওয়া আছে। যদি আমরা মাশুল কমিয়ে দিই, তাহলে আপনি হ্রাসপ্রাপ্ত মাশুলটিও অবশ্যই পরিশোধ করবেন। যদি আমরা মাশুল কমিয়ে বা মকুব করে থাকি, ও তার ফলে যদি আপনি সম্পূর্ণ মাশুল পরিশোধ করতে সক্ষম হন, তাহলে আপনাকে সম্পূর্ণ মাশুল পরিশোধ করতে হবে। যদি আমরা কোনও মাশুল কমিয়ে থাকি বা মকুব করে থাকি তাহলে আমরা আপনাকে 30 দিনের লিখিত বিজ্ঞপ্তি জারি করব। আপনি তার পরেও মাশুল পরিশোধ করতে বাধ্য থাকবেন, এবং আমরা আপনাকে তারপরেও বিল পাঠাতে পারি, এমনকি যদি স্টেট পরিষেবাগুলির জন্য আমাদেরকে অর্থ পরিশোধ করে দেয় এবং যদি পরিষেবা স্তগিত করবার ক্ষেত্রে কোনও আইনি পদক্ষেপ গৃহীত হয়, তাহলেও।

আমরা আপনাকে বিল পাঠাব *যদি আপনি পরিষেবার জন্য* অর্থ পরিশোধ করেন। আমরা আপনাকে পরের মাসের 30 তারিখের মধ্যে মাসিক বিল পাঠাবো। যেমন ধরুন, আমরা 30শে জুলাই-র মধ্যে জুন মাসের বিলটি আপনাকে পাঠাবো। আপনি যদি বিলগুলির অর্থ পরিশোধ না করেন, তাহলে আমরা আপনার কাছ থেকে সংগ্রহ করার চেষ্টা করবো। আমরা পরিষেবাগুলির মধ্যে বাধা দিতে পারি না বা আপনাকে বা অন্য কাউকে আপনার বিলের ব্যাপারে বিব্রত, বিরক্ত করতে অথবা ভয় দেখাতে পারি না। যদি আপনি তার পরেও বিলগুলির অর্থ পরিশোধ না করেন, তাহলে আমরা পেমেন্টের জন্য আমাদের দাবি নিউ ইয়র্ক স্টেট-এর কাছে পেশ করবো।

আপনার মেডিকএড নেই বলে এবং কেউ আমাদের অর্থ পরিশোধ করছেন না বলে আমরা পরিষেবা বন্ধ করে দিতে পারি না। যাইহোক, যদি আমরা অন্য কোনও কারণে পরিষেবা বন্ধ করার চেষ্টা করি, তাহলে যখন পরিষেবা বন্ধ করার কার্যধারা চলছে তখন আপনি অবশ্যই পরিষেবাগুলির অর্থ পরিশোধ করবেন।

সীমিত ব্যতিক্রম

আপনি যদি শুধুই কর্মসংস্থানের সহায়ক পরিষেবা বা অবসরকালীন পরিষেবা গ্রহণ করেন তাহলে আপনি সীমিত ব্যতিক্রমের জন্য যোগ্য হতে পারেন। তার মানে হল আপনি মেডিকএড ও HCBS ওয়েভার-এর জন্য আবেদন না করেই এবং পরিষেবার জন্য বিল না মিটিয়েই অবসরকালীন পরিষেবা বা কর্মসংস্থানের সহায়ক পরিষেবা গ্রহণ চালিয়ে যেতে পারেন (যে কোনও একটি)। সীমিত ব্যতিক্রমগুলি সম্পর্কে আরও জানতে, প্রকাশনা "সীমিত ব্যতিক্রম সম্পর্কিত তথ্য" দেখুন।